খসড়া

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার, কিশোরগঞ্জ

এবং

মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর-এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি(APA)

০১ জুলাই ২০২০ - ৩০ জুন ২০২১

সূচিপত্র

বিষয়	পৃষ্ঠা
জেলা সরকারি গণগ্রন্থাগার, কিশোরগঞ্জের কর্মসম্পাদনের সার্বিক চিত্র	৩
উপক্রমণিকা (Preamble)..	৪
সেকশন ১: জেলা সরকারি গণগ্রন্থাগার, কিশোরগঞ্জের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি..	৫
সেকশন ২: জেলা সরকারি গণগ্রন্থাগার, কিশোরগঞ্জের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/ Impact)...................	৬
সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ.............................	৭
সংযোজনী ১: শব্দ-সংক্ষেপ (Acronyms)	৯
সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ এবং পরিমাপ পদ্ধতি	১০
সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ.................	১১

উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রুপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার, কিশোরগঞ্জ

এবং

গণগ্রন্থাগার অধিদপ্তর-এর মহাপরিচালক -এর মধ্যে ২০২০সালের জুন মাসের.... তারিখে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

জেলা সরকারি গণগ্রন্থাগার, কিশোরগঞ্জ এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of the District Government Public Library, kishoreganj)

জেলা সরকারি গণগ্রন্থাগার, কিশোরগঞ্জের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the kishoreganj Dist. Govt. Public Library)

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

কিশোরগঞ্জ জেলায় জ্ঞানমনস্ক আলোকিত সমাজ বিনিমার্ণের লক্ষ্যে রাষ্টের সামগ্রিক জনগোষ্ঠীর নিবিড় প্রত্যাশা পুরণে নিজ সক্ষমতা অনুযায়ী সর্বোচ্চ প্রয়াস নিয়োজিত করা জেলা সরকারি গণগ্রন্থাগার, কিশোরগঞ্জের মুখ্য কাজ। প্রধানত আলোকবর্তিকাবাহী বইপাঠে সর্বসাধারনকে অবিরাম উদ্ধুদ্ধ করা এবং বিজ্ঞানভিত্তিক আধুনিক তথ্য-প্রযুক্তি সম্বলিত সুবিধাদির দ্বারা সময়-সাশ্রয়ী কার্যকর তথ্যসেবা প্রদান করা এ প্রয়াসের অন্তর্ভূক্ত। লক্ষ্য অর্জনে গণগ্রন্থাগার সাম্প্রতিক বছরগুলিতে(বিগত তিন বছর) গণগ্রন্থাগার অধিদপ্তর থেকে সরবরাহকৃত ৫,৯৩৯ খানা (পাচঁ হাজার নয়শত উনচল্লিশ) পুস্তক গ্রহন করে পাঠকসেবা দেওয়ার উদ্দেশ্য পাঠকক্ষে পুস্তক সংরক্ষণ ও বিন্যাস করা হয়েছে। ক্রমান্বয়ে পাঠক সংখ্যা ও পাঠাভ্যাস বৃদ্ধি কার্যক্রম জোরদারকরণে উৎসাহ প্রদানের জন্য জেলা ব্যপী বিভিন্ন জাতীয় দিবস ভিত্তিক রচনা, বইপাঠ, ছড়া-কবিতা আবৃত্তি, চিত্রাংকন ও সুন্দর হাতের লেখাসহ মোট ২২টি(তিন বছর) অনুষ্ঠানের আয়োজন করে অংশগ্রহকারীর মধ্য থেকে বিজয়ীদেরকে বই পুরস্কার এবং সনদ প্রদান করা হয়। এ সময়ে জেলা সরকারি গণগ্রন্থাগার, কিশোরগঞ্জ থেকে ১,৬৩,০০০ জন(তিন বছর) পাঠক-পাঠিকাকে পাঠকসেবা, তথ্য ও রেফারেন্সসেবা প্রদান করা হয়েছে। গত তিন বছরে সদস্যসংখ্যা ১০ জন থেকে ৪৭ জনে উন্নীত করা হয়েছে। এ ছাড়া বইপাঠে আগ্রহী করার নিমিত্ত বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে চিঠি দেওয়া হয়েছে। পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে কর্মচারীদের বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ গ্রহন/প্রদান করা হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক ৫ ফেব্রুয়ারিকে "জাতীয় গ্রন্থাগার দিবস" ঘোষণা করায় ২০২০ সালের ৫ ফেব্রুয়ারি যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়েছে । গ্রন্থাগারকে সিসিটিভি ক্যামেরার আওতাভুক্ত করা হয়েছে ।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

জ্ঞান ভিত্তিক সমাজ গঠন এবং বিজ্ঞান ও তথ্য-প্রযুক্তি সংক্রান্ত সেবা প্রদান জেলা সরকারি গণগ্রন্থাগার কিশোরগঞ্জের অন্যতম প্রধান কাজ এবং এ কাজ সম্পাদনের নিমিত্ত আবশ্যিক পূর্বশর্ত হলো গণগ্রন্থাগারে আগত পাঠকগণের চাহিদামত পুস্তক সরবরাহ করা এবং তথ্য-প্রযুক্তি ভিত্তিক সেবা সুবিধাদি সুনিশ্চিত করা। কিন্তু আমাদের বাজেট বরাদ্দের অপ্রতুলতা, জনবলের সীমাবদ্ধতা এ গণগ্রন্থাগারের প্রধান সমস্যা। জরুরী ভিত্তিতে জনবল নিয়োগ, বর্তমান ভবনটির উর্ধ্বমুখী সম্প্রসারণের মাধ্যমে বহুতল বিশিষ্ট ভবন নির্মাণ এবং অনলাইন লাইব্রেরি ম্যানেজমেন্ট সিষ্টেম প্রবর্তন করে সময়োপযোগী কাঙ্খিত গ্রন্থাগার ও তথ্যসেবা প্রদান জেলা সরকারি গণগ্রন্থারের চ্যালেঞ্জ।

ভবিষ্যৎ পরিকল্পনা:

পাঠকসেবার মান বৃদ্ধি করণে স্বল্প মেয়াদী, মধ্যমেয়াদী ও দীর্ঘমেয়াদী বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা যায়। এ সব কর্মসূচি কোনটা নিজেদের উদ্যোগে এবং কোন কোন কর্মসূচি অধিদপ্তরের নির্দেশক্রমে বাস্তবায়ন করা যেতে পারে। তার মধ্যে ই-বুক সিস্টেম চালু, আধুনিক ক্যাটালগ, অডিও-ভিস্যুয়াল সামগ্রীসহ বড় পর্দার প্রজেক্টরের গণগ্রন্থাগার অধিদপ্তরের মাধ্যমে ব্যবস্থা করা। ইহা ছাড়াও চাহিদাকৃত সামগ্রী প্রাপ্তি সাপেক্ষ ভ্রাম্যমান লাইব্রেরি চালু, শিক্ষা প্রতিষ্ঠানসমূহ পরিদর্শনসহ কোমলমতি ছাত্র/ছাত্রীদের মাঝে পাঠাভ্যাসের আগ্রহ সৃষ্টি করা।

২০১৯-২০২০ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- জেলা সরকারি গণগ্রন্থাগার, কিশোরগঞ্জে বিভিন্ন প্রকার সাপ্তাহিক সাহিত্য আড্ডা সফলতার সাথে প্রচলন করা।
- সফলভাবে ইমেইল, এসএমএস ও সামাজিক যোগাযোগ মাধ্যমের দ্বারা সর্বাত্মক প্রচারণা সম্পন্ন ।
- প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে কর্মকর্তা কর্মচারীদের প্রশিক্ষণ গ্রহণ।
- পাঠক সংখ্যা বৃদ্ধির জন্য বিভিন্ন পেশার মানুষদের নিয়ে বিভিন্ন সাহিত্য পরিষদ গঠনএর উদ্যোগ গ্রহণ।
- **৫ ফেব্রুয়ারি যথাযোগ্য মর্যাদায "জাতীয় গ্রন্থাগার দিবস"উদযাপন করা**

সেকশন ১

কিশোরগঞ্জ জেলা সরকারি গণগ্রন্থাগার এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision) : জ্ঞানমনস্ক আলোকিত সমাজ।

১.২ অভিলক্ষ্য (Mission) : জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে **কিশোরগঞ্জ** জেলার সমগ্র জনগোষ্ঠীকে বিজ্ঞান ও আধুনিক তথ্য-প্রযুক্তিভিত্তিক সুবিধাদি-সম্বলিত সময়-সাশ্রয়ী পাঠকসেবা ও তথ্যসেবা প্রদানের মাধ্যমে জ্ঞান ও প্রজ্ঞায় বিকশিত ও সমৃদ্ধকরণ।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

১.৩.১ কিশোরগঞ্জ জেলা সরকারি গণগ্রন্থাগার এর কৌশলগত উদ্দেশ্য :

১. পাঠকসেবার মানোন্নয়ন।

২. তথ্য ও যোগাযোগ সেবার সম্প্রসারণ।

৩. স্থানীয়ভাবে প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণের জন্য সর্বাত্নক প্রচেষ্টা ।

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য:

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন।

২. উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন।

৩. প্রশাসনিক সংস্কার ও নৈতিকতার উন্নয়ন।

৪. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন।

৫. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।

১.৪ কিশোরগঞ্জ জেলা সরকারি গণগ্রন্থাগার এর কার্যাবলি (Functions):

১. পাঠক-চাহিদা মোতাবেক প্রাপ্ত পাঠসামগ্রী সংগঠন, বিন্যাস, সংরক্ষণ ও বিতরণ (Dissemination)।

২. পাঠাভ্যাস বৃদ্ধি উৎসাহিতকরণে জাতীয় দিবসসমূহে বিভিন্ন প্রতিযোগিতা যেমন- রচনা, বইপাঠ, চিত্রাংকন, হাতের সুন্দর লেখা, ছড়া ও কবিতা আবৃত্তি ইত্যাদি অনুষ্ঠানের আয়োজন এবং পুরস্কার ও সনদপত্র প্রদান।

৩. পাঠকসেবা, রেফারেন্স ও তথ্যসেবা এবং পুস্তক লেনদেন সেবা বৃদ্ধিকরণ।

৪. আগ্রহী পাঠককে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি-ভিত্তিক ইন্টারনেট সেবা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

৫. তৃণমূল পর্যায়ের বেসরকারি গ্রন্থাগার/পাঠাগার জরিপ ও তালিকাভূক্তিকরণ।

সেকশন -২

জেলা সরকারি গণগ্রন্থাগার কিশোরগঞ্জ এর বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)	কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicators)	একক (Unit)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা	প্রক্ষেপণ (Projection)		নির্ধারিত লক্ষমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র [source of Data]
			২০১৮-১৯	**২০১৯-২০**	**২০২০-২১**	২০২১-২২	২০২২-২৩		
পাঠাভ্যাস বৃদ্ধি	পাঠক উপস্থিতি	বৃদ্ধির হার	৫৫,০০০ (হাজার) (১০০%)	৪০.৬০০(হাজার) (-২৬.১৮%)	৪১.০০০ (০.৯৮%)	৪১৫০০ (১.২১%)	৪২.১০০ (১.৪৪%)	প্রযোজ্য নয়	পাঠক উপস্থিতি রেজিস্টার
প্রযুক্তি ব্যবহারে আগ্রহ সৃষ্টি	ব্যবহারকারী	বৃদ্ধির হার	.৭০০(হাজার) (১০০%)	.৬৫০ (হাজার) (৭.১৪%)	.৭০০ (৭.৬৯%)	.৭৬০ (৮.৫৭%)	৮৩০ (৯.২১%)	প্রযোজ্য নয়	সংশ্লিষ্ট রেজিস্টার

*সাময়িক (provisional) তথ্য।

সেকশন-৩

কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	গণনা পদ্ধতি	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Wieght of Performance Indicators)	প্রকৃত অর্জন ২০১৮-১৯	প্রকৃত অর্জন ২০১৯-২০	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ Target/Criteria Value for FY(2020-21)					প্রক্ষেপণ (Projection) ২০২১-২২	প্রক্ষেপণ (Projection) ২০২২-২৩
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতিমান	চলতিমানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬
জেলা সরকারি গণগ্রন্থাগার, কিশোরগঞ্জ এর কৌশলগত উদ্দেশ্যসমূহ ২০২০-২১															
[১] পাঠকসেবার মানোন্নয়ন	৬০	[১.১] পাঠকসেবা ও [১.২] রেফারেন্স সেবা	[১.১.১] পাঠক উপস্থিতি	সমষ্টি	জন (হাজার)	১০	৫৫.০০	৪০.৬০	৪১.০০০	৩৬.৯০	৩২.৮০	৪০.৬০	২৪.৩৬	৪১.৫০০	৪২.০০০
		[১.৩] প্রতিযোগিতা/অনুষ্ঠানের সংখ্যা	[১.৩.১] অনুষ্ঠান	সমষ্টি	সংখ্যা	১০	৭	৪	৭	৬	৫	৪	৩	৭	৭
		[১.৪] প্রতিযোগিতা অনুষ্ঠান	[১.৪.১] অংশগ্রহণকারী	সমষ্টি	জন (হাজার)	১০	০.৪০	০.৪৫	০.৫০	০.৪৫	০.৪০	০.৪৫	০.২৭	০.৫০	০.৫৫
		[১.৫] পাঠক চাহিদা মোতোবেক পাঠসামগ্রী সংগ্রহ	[১.৫.১] সংগ্রহীত পুস্তক	সমষ্টি	সংখ্যা (হাজার)	১০	১.৫০	১.৫৫	১.৬০	১.৪৪	১.২৮	১.৫৫	০.৯৩	১.৬৫	১.৬৫
		[১.৬] জাতীয় গ্রন্থাগার দিবস উদযাপন	[১.৬.১] দিবস উদযাপন	তারিখ	তারিখ	১০	০৫ ফেব্রুয়ারি, ২০১৯	০৫ ফেব্রুয়ারি, ২০২০	০৫ ফেব্রুয়ারি ২০২১	---	---	---	---	০৫ ফেব্রুয়ারি ২০২২	০৫ ফেব্রুয়ারি২০২৩
[২] তথ্য ও যোগাযোগ সেবার সম্প্রসারণ	১০	[২.১] ইন্টারনেট সেবা প্রদান।	[২.১.১] ব্যবহারকারী	সমষ্টি	জন (হাজার)	১০	০.৭০	০.৬৫	.৭০০	০.৬৩	০.৫৬	০.৬৫	০.৩৯	.৭৬০	.৮৩০
[৩] প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ	৫	[৩.১] ওয়ার্কশপ/ সেমিনার	[৩.১.১] ওয়ার্কশপ/ সেমিনারের সংখ্যা	সমষ্টি	সংখ্যা	৫	---	---	১*					২*	৩*

* ২০১৯-২০ অর্থবছরের প্রকৃত অর্জনের ক্ষেত্রে সাময়িক তথ্য দেখানো হয়েছে।

* মহামারী করোনা ভাইরাসের সংক্রমণ জনিত কারণে ২০১৯-২০ অর্থবছরেঅর্জন কম হয়েছে এবং বাস্তব অবস্থা বিবেচনায় ২০২০-২১ অর্থবছরের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

* অধিদপ্তরের নির্দেশনা ও বাজেট প্রাপ্তি সাপেক্ষে ওয়ার্কশপ/ সেমিনার আয়োজন করা হবে।

জেলা সরকারি গণগ্রন্থাগার কিশোরগঞ্জ এর আবশ্যিককৌশলগতউদ্দেশ্যসমূহ ২০২০-২১

কলাম-১	কলাম-২	কলাম-৩	কলাম-৪		কলাম-৫	কলাম-৬				
						লক্ষ্যমাত্রারমান২০২০-২১				
কৌশলগতউদ্দেশ্য (Strategic Objectives)	**কৌশলগতউদ্দেশ্যেরমান (Weight of Strategic Objectives)**	**কার্যক্রম (Activities)**	**কর্মসম্পাদনসুচক (Performance Indicator)**	**একক (Unit)**	**কর্মসম্পাদনসূচকেরমান (Weight of Performance Indicator)**	অসাধারণ (Excellent)	অতি উত্তম (Very Good)	উত্তম (Good)	চলতি মান (Fair)	চলতিমানের নিম্নে (Poor)
						১০০%	৯০%	৮০%	৭০%	৬০%
[১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ	১০	[১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন	[১.১.১] এপিএ’র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত	সংখ্যা	২	৪	-	-	-	-
			[১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত	সংখ্যা	১	১২	১১	-	-	-
		[১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময়	[১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত	সংখ্যা	২	৪	৩	২	-	-
		[১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা /অংশীজনদের অবহিতকরণ	[১.৩.১]অবহিতকরণ সভা আয়োজিত	সংখ্যা	১	৪	৩	২	-	-
		[১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ	[১.৪.১]অবহিতকরণ সভা আয়োজিত	সংখ্যা	২	৪	৩	২		-
		[১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ	[১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত	সংখ্যা	২	৪	৩			
[২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি	৯	[২.১]ই-নথি বাস্তবায়ন	[২.১.১] ই-নথিতে নোট নিষ্পত্তিকৃত	%	২	৮০	৭০	৬০	-	-
		[২.২] ডিজিটাল সেবা চালুকরণ	[২.২.১] একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত	সংখ্যা	২	১৫-২-২১	১৫-৩-২১-	১৫-৪-২১	১৫-৫-২১	-
		[২.৩] সেবা সহজিকরণ	[২.৩.১] একটি সহজিকৃত সেবা অধিক্ষেত্রে বাস্তবায়িত	সংখ্যা	২	২৫-২-২১	২৫-৩-২১-	২৫-৪-২১	২৫-৫-২১	-
		[২.৪] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান	[২.৪.১] প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত	জনঘন্টা	১	৫০	৪০	৩০	২০	-
			[২.৪.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ	জনঘন্টা	১	৫	৪	-	-	-
		[২.৫] এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান	[২.৫.১] ন্যূনতম একটি আওতাধীন দপ্তর/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত	সংখ্যা	১	১	-	-	-	-
[৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন	৬	[৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন	[৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত	%	১	১০০	৯০	৮০	-	-
		[৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়ন	[৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) /বাজেট বাস্তবায়িত	%	২	১০০	৯০	৮০	-	-
		[৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন	[৩.৩.১] ত্রিপক্ষীয় সভায় উপস্থাপনের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরিত	%	১	৮০	৭০	৬০	৫০	-

			[৩.৩.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত	%	১	৫০	৪০	৩০	২৫	-
		[৩.৪] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ	[৩.৪.১] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা মন্ত্রণালয়/বিভাগে প্রেরিত	তারিখ	১	১৫-১২-২০	১৫-০১-২১	১৫-২-২১	-	-

সংযোজনী-১

শব্দ - সংক্ষেপ (Acronyms)

1. APA = Annual Performance Agreement.
2. CAS/SDI = Current Awareness Service / Selective Dissemination of Information.
3. FY = Fiscal Year.

সংযোজনী-২

কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী সংস্থা এবং পরিমাপ পদ্ধতির বিবরণ

ক্রমিক নং	কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	কার্যক্রমের বিবরণ	বাস্তবায়নকারী অনুবিভাগ/অধিশাখা/ শাখা	প্রদত্ত প্রমানক	প্রমাণকের উপাত্তসমূহ
১	পাঠকসেবা, গবেষণা ও রেফারেন্স সেবা প্রদান	পাঠক উপস্থিতি	পাঠকসেবা ও পুস্তক লেনদেন কার্যক্রম সম্পাদন	জেলা সরকারি গণগ্রন্থাগার কিশোরগঞ্জ	বাস্তব গণনা	পাঠকউপস্থিতি রেজিস্টার ও ইস্যু রেজিস্টার
২	প্রতিযোগিতা/অনুষ্ঠান আয়োজন	অনুষ্ঠান/অংশগ্রহণকারীর সংখ্যা	জাতীয় দিবসসমূহ উদযাপন উপলক্ষে অনুষ্ঠানাদি সম্পন্নকরণ, পুরস্কার ও সনদ বিতরণ	জেলা সরকারি গণগ্রন্থাগার কিশোরগঞ্জ	বাস্তব গণনা	বিজ্ঞপ্তি এবং উপস্থিতি তালিকা
৩	পাঠক চাহিদা মোতাবেক পাঠসামগ্রী সংগ্রহ	সংগ্রহীত পুস্তকের সংখ্যা	গণগ্রন্থাগার অধিদপ্তর এবং স্থানীয়ভাবেপাঠসামগ্রী সংগ্রহ ও সংরক্ষণ	জেলা সরকারি গণগ্রন্থাগার কিশোরগঞ্জ	বাস্তব গণনা	গণগ্রন্থাগার অধিদপ্তরেরবই সরবরাহের তালিকা ও জেলা সরকারি গণগ্রন্থাগার কিশোরগঞ্জ এর অন্তর্ভুক্তি রেজিস্টার,
৪	ইন্টারনেট সেবা প্রদান	ব্যবহারকারী	সর্বসাধারণের জন্য ইন্টারনেট সেবা প্রদান	জেলা সরকারি গণগ্রন্থাগার কিশোরগঞ্জ	বাস্তব গণনা	ইন্টারনেট ব্যবহারের রেজিস্টার
৫	জাতীয় গ্রন্থাগার দিবস উদযাপন	জেলা পর্যায়ে উদযাপন	গ্রন্থাগার পেশাজীবি ও সরকারি/বেসরকারি বিভিন্ন সংস্থার অংশগ্রহণে বর্ণাঢ্য র‌্যালী ও আলোচনা সভা।	জেলা সরকারি গণগ্রন্থাগার কিশোরগঞ্জ	-	সরকারি প্রজ্ঞাপন, প্রস্তুতি সভার কার্যপত্র ও ছবি
৬	প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ	আলোচনা অনুষ্ঠান	প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে কর্মকর্তা/ কর্মচারীদের অংশগ্রহণে ওয়ার্কশপ/সেমিনার।	জেলা সরকারি গণগ্রন্থাগার কিশোরগঞ্জ	-	অফিস আদেশ ও ছবি

সংযোজনী-৩

অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা-এর নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

প্রতিষ্ঠানের নাম	কর্মসম্পাদন সূচক	উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/ প্রত্যাশা	চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা	প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব
গণপূর্ত বিভাগ, কিশোরগঞ্জ	পাঠক উপস্থিতি	জেলা সরকারি গণগ্রন্থাগার কিশোরগঞ্জ এর ভবন রক্ষণাবেক্ষণ	গ্রন্থাগার ভবন ব্যবহার উপযোগী রাখার জন্য নিয়মিত সংস্কার করা জরুরী	সংরক্ষিত পুরানো ও নতুন পাঠসামগ্রী (বই,পত্রপত্রিকা,সাময়িকী, গ্লোব ইত্যাদি) নষ্ট হয়ে যাবে এবং পাঠক সংখ্যা হ্রাস পাবে
জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ	দিবস উদযাপন	জেলার অন্যান্য সরকারি/ বেসরকারি প্রতিষ্ঠানসমূহের অংশগ্রহণ নিশ্চিতকরণে সহযোগিতা	জেলার বিভিন্ন সরকারি/ বেসরকারি প্রতিষ্ঠানসমূহের অংশগ্রহণ নিশ্চিতকরতে সহযোগিতা আবশ্যক	জাতীয় দিবস সমূহ উদযাপন করা কঠিন হবে এবং উপস্থিতি কম হবে
পুলিশ সুপারের কার্যালয়, কিশোরগঞ্জ	নিরাপত্তা নিশ্চিত করা ও দিবস উদযাপন	জননিরাপত্তা নিশ্চিতকরণ এবং জাতীয় দিবস সমূহ উদযাপনে সহায়তা প্রদান	গ্রন্থাগারের আশেপাশের সার্বিক নিরাপত্তা নিশ্চিতকরণ এবং বিভিন্ন জাতীয় দিবস উদযাপনে সহায়তা প্রয়োজন	নিরাপত্তা বিঘ্নিত হলে পাঠকসংখ্যা কমবে এবং জাতীয় দিবস সমূহ উদযাপন করা কঠিন হবে।

আমি লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার, কিশোরগঞ্জ, গণগ্রন্থাগার অধিদপ্তর এর মহাপরিচালক মহোদয়ের নিকট অঙ্গীকার করছি যে, এ চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকবো।

আমি মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর অঙ্গীকার করছি যে, এ চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে জেলা সরকারি গণগ্রন্থাগার, কিশোরগঞ্জকে সর্বাত্মক সহযোগিতা প্রদান করবো।

স্বাক্ষর:

লাইব্রেরিয়ান

জেলা সরকারি গণগ্রন্থাগার

কিশোরগঞ্জ

তারিখ: ০২/০৬/২০২০

মহাপরিচালক

গণগ্রন্থাগার অধিদপ্তর

শাহবাগ, ঢাকা

তারিখ: ০২/০৬/২০২০ খ্রি.